

## “আত্মকর্মী যুবশক্তি, টেকসই উন্নয়নের মূলভিত্তি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

www.dyd.gov.bd.

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.০১.০১৯.১৭-৬৭৮


তারিখঃ ০৫-১০-২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ অর্থ আত্মসাতের সুযোগ সৃষ্টি করার কারণ ব্যাখ্যাকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, আপনি উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা হিসেবে পাবনা জেলাধীন আটঘরিয়া উপজেলায় কর্মরত রয়েছেন। আপনার পূর্ববর্তী কর্মস্থল নাটোর জেলার বাগাতিপাড়া কার্যালয়ের ক্রেডিটসুপারভাইজার মরহুম মোঃ গোলাম মোস্তফা কামাল নিয়ম ভঙ্গ করে ঋণ বিতরণ, ঋণীদের নিকট থেকে টাকা আদায় করে ব্যাংকে জমা না করে আত্মকর্মসংস্থান কর্মসূচির ১১,০৪,৫৭৮/- টাকা এবং উত্তরবঙ্গ প্রকল্পের ৮,৫৮,৩৪৯/- মোট ১৯,৬২,৯২৭/- (উনিশ লক্ষ বাষটি হাজার নয় শত সাতাশ টাকা) আত্মসাত করেন। তিনি উক্ত উপজেলায় কর্মকালে (০৯/০৭/২০০৬ হতে ১৩/০১/২০১৪ তারিখের মধ্যে) উক্ত টাকা আত্মসাত করেন।

০২। আপনার কর্মকালে (০৯/০৭/২০০৬ হতে ১২/০১/২০১৪ খ্রিঃ তারিখের মধ্যে) মরহুম মোঃ মোস্তফা কামাল ৭,৫৮,৮৫১/- (সাত লক্ষ আটান্ন হাজার আট শত একান্ন) টাকা আত্মসাত করেন। দীর্ঘ সময় ধরে অনিয়ম এবং আত্মসাতের উক্ত ঘটনা ঘটেছে অথচ তদারককারী কর্মকর্তা হিসেবে আপনি দিনের পর দিন এই ঘটনা আড়াল করে মিথ্যা তথ্য (কিস্তি খেলাপী এবং ঋণ খেলাপীতে কম দেখিয়ে) দ্বারা মাসিক প্রতিবেদন প্রস্তুত করে কর্তৃপক্ষের নিকট প্রেরণ করে বিভ্রান্ত করেছেন। তদারককারী কর্মকর্তা হিসেবে আপনার এহেন দায়িত্বহীনতার জন্য এত বড় আত্মসাতের সুযোগ সৃষ্টি হয়েছে। আপনি এ বিষয়ে যথাযথভাবে দায়িত্ব পালন করলে এত বড় আত্মসাতের ঘটনা ঘটনার সুযোগ সৃষ্টি হতো না।

০৩। বিধায়, এ আত্মসাতের সুযোগ সৃষ্টি করা এবং মিথ্যা তথ্য দিয়ে কর্তৃপক্ষকে বিভ্রান্ত করার জন্য বৈধ আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে না তার কারণ ১০(দশ) কর্ম দিবসের মধ্যে জানাতে নির্দেশ দেয়া হলো।



(মোঃ শাহীনুর রহমান)

সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)

ফোনঃ ৯৫১৫০১৯।

✓ জনাব মোঃ রাজু আহমেদ  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
যুব উন্নয়ন অধিদপ্তর  
আটঘরিয়া, পাবনা।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.০১.০১৯.১৭


তারিখঃ ----- খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নাটোর/পাবনা।

০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৩। অফিস কপি/গার্ড নথি।



(মোঃ শাহীনুর রহমান)

সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)